



## বাণী

গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার আহবানে সাড়া দিয়ে বাঙ্গালি জাতি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে বিজয় ছিনিয়ে আনে। শ্রদ্ধার সাথে স্মরণ করছি বঙ্গবন্ধুর অবর্তমানে মহান মুক্তিযুদ্ধ পরিচালনাকারী মুজিব নগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহম্মদ এবং মন্ত্রী পরিষদের সদস্য ক্যাপ্টেন এম. মনসুর আলী, এ.এইচ.এম. কামরুজ্জামান সহ ৩০ (ত্রিশ) লক্ষ শহীদের যাদের রক্তের বিনিময়ে অর্জিত বাঙ্গালি জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন আমাদের মহান স্বাধীনতা। বর্তমানে আমরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যোগ্য উত্তরসূরী মাননীয় প্রধানমন্ত্রী সফল রাষ্ট্রনায়ক দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন সংরক্ষণ এবং মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরসূরীগণের জন্য সামাজিক নিরাপত্তা বেষ্টিত গড়ে তুলতে কাজ করে যাচ্ছি। মহান মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শ সমুল্লত রেখে বঙ্গবন্ধুর আজন্ম লালিত স্বপ্ন একটি সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে মুক্তিযোদ্ধাদের সঠিক তালিকা প্রণয়ন এখন সময়ের দাবী। আমি আশা করি আগামী ২৬ মার্চ ২০১৭ এর মধ্যে মুক্তিযোদ্ধাদের চূড়ান্ত তালিকা সম্পন্ন করে তাদের হাতে ০৮ (আট) ধরণের বারকোড সহ সনদ ও আইডি কার্ড তুলে দিতে পারব এবং ওয়েবসাইটে মুক্তিযোদ্ধাদের নাম প্রকাশ করতে পারব।

মুক্তিযোদ্ধাদের চূড়ান্ত তালিকা প্রণয়নের লক্ষ্যে মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রম শুরু করতে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে উপজেলা, জেলা ও মহানগর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি গঠন করা হয়েছে। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে আবেদনকৃত সকল আবেদন যাচাই-বাছাইয়ের জন্য উপজেলা, মহানগর ও জেলা ভিত্তিক বিভাজন করে জেলা প্রশাসকগণের নিকট প্রেরণ করা হয়েছে। প্রতিটি উপজেলা ভিত্তিক যাচাই-বাছাই কমিটি, পার্বত্য অঞ্চলে আবেদন কম থাকায় ২৫টি উপজেলা যাচাই-বাছাই কমিটির পরিবর্তে তিনটি জেলা শহরে ০৩টি জেলা যাচাই-বাছাই কমিটি, দেশের মহানগর এলাকায় ০৮টি মহানগর যাচাই-বাছাই কমিটির রূপরেখা তৈরী করা হয়েছে। আগামী ০৭-০১-২০১৭ খ্রিঃ তারিখ হতে সারাদেশে যাচাই-বাছাই কার্যক্রম শুরু হবে। যাচাই-বাছাইয়ের তথ্য সম্বলিত নির্দেশিকাটি যাচাই-বাছাই কমিটির কাজে সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

আমি আশা করি আপনাদের সহযোগিতায় আমরা রাষ্ট্রীয় ও জনগুরুত্বপূর্ণ এ কাজটি যথাযথভাবে সম্পাদন করতে সক্ষম হব।

আ.ক.ম. মোজাম্মেল হক, এম.পি

মন্ত্রী

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল।